

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫১৪]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ১০: আসরের শেষ সময় প্রসঙ্গে

آخر وقت العصر

আরবী

أَخْبَرَنَا يُوسُفُ بْنُ وَاضِحٍ، قَالَ: حَدَّثَنَا قُدَامَةُ يَعْنِي ابْنَ شِهَابٍ، عَنْ بُرَيْدٍ، عَنْ عَطَاءِ بْنِ أَبِي رِيَّاحٍ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ جَبْرِيلَ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُهُ مَوَاقِيتَ الصَّلَاةِ، فَتَقَدَّمَ جَبْرِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى الظُّهْرَ حِينَ زَالَتْ الشَّمْسُ، وَأَتَاهُ حِينَ كَانَ الظِّلُّ مِثْلَ شَخْصِهِ، فَصَنَعَ كَمَا صَنَعَ فَتَقَدَّمَ جَبْرِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى الْعَصْرَ، ثُمَّ أَتَاهُ حِينَ وَجَبَتِ الشَّمْسُ فَتَقَدَّمَ جَبْرِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى الْمَغْرِبَ، ثُمَّ أَتَاهُ حِينَ غَابَ الشَّفَقُ فَتَقَدَّمَ جَبْرِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى الْعِشَاءَ، ثُمَّ أَتَاهُ حِينَ انْشَقَّ الْفَجْرُ فَتَقَدَّمَ جَبْرِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَلْفَهُ وَالنَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَصَلَّى الْغَدَاةَ، ثُمَّ أَتَاهُ الْيَوْمَ الثَّانِي حِينَ كَانَ ظِلُّ الرَّجُلِ مِثْلَ شَخْصِهِ، فَصَنَعَ مِثْلَ مَا صَنَعَ بِالْأَمْسِ، فَصَلَّى الظُّهْرَ، ثُمَّ أَتَاهُ حِينَ كَانَ ظِلُّ الرَّجُلِ مِثْلَ شَخْصِهِ، فَصَنَعَ كَمَا صَنَعَ بِالْأَمْسِ فَصَلَّى الْعَصْرَ، ثُمَّ أَتَاهُ حِينَ وَجَبَتِ الشَّمْسُ، فَصَنَعَ كَمَا صَنَعَ بِالْأَمْسِ فَصَلَّى الْمَغْرِبَ، فَنِمْنَا ثُمَّ قُمْنَا ثُمَّ نِمْنَا ثُمَّ قُمْنَا فَأَتَاهُ فَصَنَعَ كَمَا صَنَعَ بِالْأَمْسِ فَصَلَّى الْعِشَاءَ، ثُمَّ أَتَاهُ حِينَ امْتَدَّ الْفَجْرُ وَأَصْبَحَ وَالنُّجُومُ بَادِيَةٌ مُشْتَبِكَةٌ فَصَنَعَ كَمَا صَنَعَ بِالْأَمْسِ فَصَلَّى الْغَدَاةَ، ثُمَّ قَالَ: مَا بَيْنَ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ وَقْتُ .

تخريج دارالدعوة: تفرد به النسائي، (تحفة الأشراف: ١/٢٢٠)، مسند أحمد ٣/٣٣٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 514 - صحيح

বাংলা

৫১৩. ইউসুফ ইবনু ওয়াযিহ (রহ.).... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। জিবরীল আলায়হিস সালাম নবী (সা.)-কে সালাতের ওয়াক্ত শিক্ষা দেয়ার জন্যে আসলেন। তারপর জিবরীল আলায়হিস সালাম সামনে দাঁড়ালেন এবং রাসূলুল্লাহ (সা.) তার পিছনে এবং অন্যান্য লোকেরা দাঁড়ালেন রাসূলুল্লাহ (সা.) -এর পিছনে। এরপর যুহরের সালাত আদায় করলেন যখন সূর্য ঢলে পড়ল। আবার যখন প্রত্যেক বস্তুর ছায়া তার বরাবর হলে তখন জিবরীল আলায়হিস সালাম আসলেন এবং পূর্বের মতো তিনি আগে দাঁড়ালেন, আর রাসূলুল্লাহ (সা.) ও তার পিছনে এবং অন্যান্য লোকেরা রাসূলুল্লাহ (সা.) -এর পিছনে (সারিবদ্ধ হয়ে) দাঁড়িয়ে গেলেন। (এভাবে) আসরের সালাত আদায় করলেন। পুনরায় সূর্যাস্তের পর জিবরীল আলায়হিস সালাম আসলেন এবং সামনে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (সা.) তার পিছনে এবং অন্যান্য লোকেরা রাসূলুল্লাহ (সা.) -এর পিছনে দাঁড়িয়ে মাগরিবের সালাত আদায় করলেন। আবার সূর্যাস্তের পর যখন লালিমা অদৃশ্য হয়ে গেল তখন জিবরীল আলায়হিস সালাম আসলেন এবং সামনে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (সা.) তার পিছনে দাঁড়ালেন এবং লোকগণ রাসূলুল্লাহ (সা.) -এর পিছনে দাঁড়িয়ে গেলেন। এভাবে 'ইশার সালাত আদায় করলেন। আবার ভোর হওয়ার পরে জিবরীল আলায়হিস সালাম আসলেন এবং সামনে দাঁড়ালেন। রাসূলুল্লাহ (সা.) তার পিছনে ও অন্যান্য লোকেরা রাসূলুল্লাহ (সা.) -এর পিছনে দাঁড়িয়ে ফজরের সালাত আদায় করলেন। তারপর দ্বিতীয় দিন আসলেন যখন লোকের ছায়া তার সমান হলো। তখন গত দিন যেরূপ করা হয়েছিল সেরূপ করা হলো। তারপর যুহরের সালাত আদায় করলেন। পরে আবার তিনি আসলেন যখন লোকের ছায়া তার দ্বিগুণ হল তখন গত দিনের ন্যায় 'আসরের সালাত আদায় করলেন। পুনরায় আসলেন যখন সূর্য অস্তমিত হয়ে গেল, তখন গত দিনের মতো মাগরিবের সালাত আদায় করলেন। পরে আমরা ঘুমিয়ে পড়লাম। ঘুম হতে জাগ্রত হলাম, আবার ঘুমিয়ে ঘুম হতে জাগ্রত হলাম। তারপর তিনি এসে আগের মতো 'ইশার সালাত আদায় করলেন। পুনরায় আসলেন যখন ভোর হল এবং (আকাশে) তারকাগুলো দৃশ্যমান ছিল। তখনো পূর্বের ন্যায় ফজরের সালাত আদায় করলেন। তারপর বললেন, উভয় দিনের সালাতের মধ্যবর্তী সময় সালাতের জন্যে নির্ধারিত।

English

10. The End Of The Time For 'Asr

It was narrated from Jabir bin 'Abdullah that Jibril came to the Prophet (ﷺ) to teach him the times of prayer. Jibril went forward, with the Messenger of

Allah (ﷺ) behind him and the people behind the Messenger of Allah (ﷺ), and he prayed Zuh when the sun had passed its zenith. Then he came to him when the shadow of a person was equal to his height, and did as he had done before; Jibril went forward, with the Messenger of Allah (ﷺ) behind him and the people behind the Messenger of Allah (ﷺ), and he prayed 'Asr. Then Jibril came to him when the sun had set; Jibril went forward, with the Messenger of Allah (ﷺ) behind him and the people behind the Messenger of Allah (ﷺ), and he prayed Al-Ghadah. [1] Then he came to him on the second day when a man's shadow was equal to his height, and did as he had done the day before, he prayed Zuh. Then he came to him when the shadow of a man was twice his height, and did what he had done the day before, and prayed 'Asr. Then he came to him when the sun had set and did what he had done the day before, and prayed Maghrib. Then we slept and got up, and slept and got up again. Then he came to him and did what he had done the day before and prayed 'Isha.' Then he came to him when the (the light of) dawn was spread (on the horizon) [2] and the stars were still clear in the sky, and he did the same as he had done the day before, and prayed Al-Ghadah. Then he said: 'The time between these two is the time for prayer.' [1] Meaning Fajr, the morning prayer. [2] The Fajr prayer was elongated because the Prophet recited at length during the prayer, so that it ended just before sunrise. That defined the end of the time for Fajr, as the beginning of the time was defined by the moment when he started the first Rak'ah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86786>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন